দেশে একদিনে শনাক্ত প্রায় ১৫ হাজার, মৃত্যু ১৫

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে ১৪ হাজার ৮২৮ জন। মৃত্যু হয়েছে আরো ১৫ জনের । এ পর্যন্ত দেশে ২৮ হাজার ২৩৮ জনের মৃত্যু হয়েছে। । ফলে শনাক্তের সংখ্যা দাঁড়িয়েছে ১৬ লাখ ৯৯ হাজার ৯৬৪ জনে।

আজ সোমবার (২৪ জানুয়ারি) স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শনাক্তের হার ৩২.৩৭ শতাংশ।

মেহেরপুরে ২৪ ঘন্টায় ১৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে এন্টিজেন টেস্টে আজ সোমবার নতুন ১৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। এনিয়ে জেলায় ৪৯ করোনা আক্রান্ত রোগী রয়েছেন।

জেলা স্বাস্থ্য বিভাগ থেকে এ তথ্য জানা গেছে । আজ সোমবার মেহেরপুর জেনারেল হাসপাতাল, মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স ও গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে ৩৩ জন এন্টিজেন টেস্টের নমুনা দিয়েছিলেন। এর মধ্যে ১২ জন পজিটিভ হয়েছে। কুষ্টিয়া পিসিআর ল্যাবের ফলাফলে ১১ টির মধ্যে একজন পজিটিভ হয়েছেন।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের কোর্টপাড়ার নজরুল ইসলাম (৫২), মল্লিকপাড়ার জহির উদ্দিন (৫৪), দারিয়াপুরের নুসরাত তাজ রিয়া (২১), কাশ্যপপাড়ার শহিদুল ইসলাম (৩০), মল্লিকপাড়ার সাদিয়া হাসান চমক (২৬), সার্কিট হাউস পাড়ার আবদুল্লাহ আল মামুন (৩৯), কোর্টপাড়ার নাজমা বেগম (৩৭), স্টেডিয়াম পাড়ার রুবেল (২৬), পুরাতন পোস্ট অফিস পাড়ার কামাল হোসেন (৩৮), হাসপাতাল পাড়ার মুন (২৬), কালী গাংনীর মাসুম রেজা

(২৬), গাংনীর ঝোড়পাড়ার নাফিসা তানজিম (২০) এবং ভবানীপুরের এখলাস (৩৪)।

শৈলকুপায় লাইসেন্স ছাড়াই প্রাইভেট হাসপাতালে রোগী অপারেশনের অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপায় কবিরপুর খুরশিদা জাহান মেমোরিয়াল এন্ড হাসপাতালে লাইসেন্স ছাড়াই রোগী অপারেশন ও চিকিৎসা দেওয়ার অভিযোগ উঠেছে।

জানা যায়,কবিরপুরে অবস্থিত এ প্রাইভেট হাসপাতালে ইসলামী বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের ডাক্তার পারভেজ হাসান নিয়মিত রোগী দেখছেন, আল্ট্রাসনো ও অজ্ঞান ডাক্তার ছাড়া অপারেশন করছেন ।

অভিযোগকারীরা জানান, কবিরপুরে নতুন ভাবে অবস্থিত খুরশিদা জাহান মেমোরিয়াল এন্ড হাসপাতালে এখন পর্যন্ত সরকারী ভাবে পরিদর্শন ও লাইসেন্স অনুমোদন হয় নাই। সেখানে কিভাবে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে?

এ ঘটনায় প্রাইভেট হাসপাতালটির পরিচালনাকারী ডা, পারভেজ হাসান বলেন তার লাইসেন্স প্রক্রিয়াধিন আছে।

এ ঘটনায় শৈলকুপা হাসপাতালের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা, রাশেদ আল মামুন বলেন, অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে নতুন ১০ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে এন্টিজেন টেস্টে আজ রবিবার নতুন ১০ জন করোনা আক্রান্ত হয়েছেন। এনিয়ে জেলায় ৩৬ করোনা আক্রান্ত রোগী রয়েছেন।

জেলা স্বাস্থ্য বিভাগ থেকে এ তথ্য জানা গেছে, আজ রবিবার মেহেরপুর জেনারেল হাসপাতাল, মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স ও গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে ৩২ জন এন্টিজেন টেস্টের নমুনা দিয়েছিলেন। এর মধ্যে ১০ জন পজিটিভ হয়েছে।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের কাসারি পাড়ার হাসান ফেরদৌস (৫১), ঘোষপাড়ার জিনজিরা (৩৫), সদর উপজেলার গোভীপুর গ্রামের রুস্তম আলী (৩৬), আমদহ গ্রামের ইয়ানুস আলী হক (৭১), বামনপাড়ার তুষার (২৭), মুজিবনগর উপজেলার হাসপাতালের রিয়াদ হোসেন (২৯), বল্লভপুরের মানজারুল হাসান (৬০), আসমা খাতুন (৫০), গাংনী বাজার পাড়ার সুমন (৩৮), এবং চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গার রিনা মন্ডল(৫০)।

মেহেরপুরের বারাদিতে রক্তের গ্রুপিং পরীক্ষার ফ্রি ক্যাম্পেইন

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদি ইউনিয়নের মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে বন্ধু রক্তদান সংগঠন এর ফ্রি ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দিনব্যাপী ফ্রী ক্যাম্পেইনে সভাপতিত্ব করেন মোঃ তানিম হোসাইন। উপস্থিত ছিলেন, বাংলাদেশ বি নেগেটিভ রক্তদান ডোনারের খুলনা বিভাগের সভাপতি কল্লোল হোসাইন।বন্ধু রক্তদান সংগঠনের

সভাপতি সজিব আহমেদ ও, নাইম সোহান,বাপ্পি, আরাফাত, নাহিদ কল্লোল প্রমুখ।

বন্ধু রক্তদান সংগঠনের সভাপতি জানান, আজ আমরা প্রায় ৭০০ জনের রক্তের গ্রুপ পরীক্ষা করিয়েছি। এবং আমাদের এই ফ্রী ক্যাম্পেইনের মূল উদ্দেশ্যই হল রক্তদান করে মানুষের পাশে দাড়ানো। বন্ধু রক্তদান সংগঠনের রক্ত পরিক্ষা করেন মোঃ জাব্বারুল ইসলাম ও সোহাগ।

মেহেরপুর নতুন ৮ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে এন্টিজেন টেস্টে নতুন ৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। এনিয়ে জেলায় ২৫ করোনা আক্রান্ত রোগী রয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ১৫, মুজিবনগরে ৬ এবং গাংনীতে ৪ জন রয়েছেন।

জেলা স্বাস্থ্য বিভাগ থেকে এ তথ্য জানা গেছে, আজ শনিবার মেহেরপুর জেনারেল হাসপাতালে ১৬ জন এন্টিজেন টেস্টের নমুনা দিয়েছিলেন। এর মধ্যে ৮ জন পজিটিভ হয়েছে। । নতুন ৮ জন আক্রান্তের মধ্যে ৪ জন সদরের, ২ জন মুজিবনগরের এবং ২ জন গাংনীর ।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের কোর্টপাড়ার তৌকির আহমেদ (১৮),মিয়া পাড়ার শহিদুল (৫৫), সদর উপজেলার আশরাফপুর গ্রামের শান্তনা খাতুন (২৫, হিজুলী গ্রামের ইমরান আহমেদ (৩০), মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের রিফাত হক (২৫), একই গ্রামের মমতাজ বেগম (৫২), গাংনী পৌর এলাকার শিশিরপাড়ার মিজানুর রহমান (৩৭), হোগলবাড়িয়া গ্রামের তানিয়া খাতুন (২১)।

দুই সপ্তাহের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে: স্বাস্থ্যমন্ত্রী

করোনা সংক্রমণ রোধে আগামি দুই সপ্তাহ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

শুক্রবার (২১ জানুয়ারি) বেলা সাড়ে ১১ টার দিকে স্বাস্থ্য অধিদপ্তরের কনফারেন্স রুমে এক সাংবাদিক সম্মেলনে তিনি এ কথা বলেন।

আজ ২১ জানুয়ারি থেকে আগামী ৬ ফেব্রুয়ারি পর্যন্ত সব স্কুল-কলেজ বন্ধ থাকবে। দুই সপ্তাহ পর করোনা সংক্রমণের পরিস্থিতি বুঝে আবার নতুন সিদ্ধান্ত নেওয়া হবে।

করোনা সংক্রমণের কারণে ২০২০ সালের ১৭ মার্চ থেকে সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়। করোনা পরিস্থিতির কিছুটা উন্নতি হলে দীর্ঘ ১৮ মাস পর শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা এবিএম খুরশিদ আলমসহ স্বাস্থ্য অধিদপ্তরের অনান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নতুন ৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৫ জন করোনা আক্রান্ত হয়েছে। এনিয়ে জেলায় ১৬ করোনা আক্রান্ত রোগী রয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ১০, মুজিবনগরে ৪ এবং গাংনীতে ৪ জন রয়েছেন।

আজ বৃহস্পতিবার জেলা স্বাস্থ্য বিভাগ থেকে এ তথ্য জানা গেছে।

নতুন ৫ জন আক্রান্তের মধ্যে ৩ জন সদরের এবং ২ জন মুজিবনগরের।

আক্রান্তরা হলেন- মেহেরপুর জেনারেল হাসপাতালের ডা.জান্নাতুল ফেরদৌস (৩৮), সদর উপজেলার গোভীপুর গ্রামের আশাবুল হক (৪০), রাজনগর গ্রামের রায়হান হক (৬৫), মুজিবনগর কমপ্লেক্সের আসিফ ইকবাল(৩০) এবং দারিয়াপুর গ্রামের জহুরুল হক (৫১)।

বারবার প্রস্রাবের চাপ হয় কেন?

শরীরের বর্জ্য কিডনি ও মূত্রতন্ত্রের মাধ্যমে বেরিয়ে আসে। এই কার্যটিতে ব্যাঘাত ঘটলে জীবন বিষিয়ে যায়। প্রস্রাবে সমস্যা দেখা দিলে নিদারুণ যন্ত্রণা ভোগ করতে হয়। একজন স্বাভাবিক মানুষ দিনে ৪-৫ বার প্রস্রাব করে থাকেন। কারও কারও আবার ঘন ঘন প্রস্রাবের বেগ হয়। বারবার প্রস্রাবের চাপ হওয়ার কারণ নিয়ে বিস্তারিত জানিয়েছেন ইউরোলোজির অধ্যাপক ডা. সোহরাব হোসেন সৌরভ।

শরীরে পানি ও লবণের মাত্রা নিয়ন্ত্রণে কিডনি ও মূত্রতন্ত্র বিশেষ অবদান রাখে। বর্জ্য নিঃসরণে মূত্রতন্ত্রের অপর্যাপ্ত ক্ষমতা বা অক্ষমতায় এসব বর্জ্য শরীরে জমা হয়ে আমাদের শরীরের সুস্থ আবহকে বিঘ্নিত করে। একজন মানুষ ২৪ ঘণ্টায় সাধারণত ২ দশমিক ৫ থেকে তিন লিটার পানি বা পানীয় পান করে থাকেন। কিডনির কাজ করার ক্ষমতা স্বাভাবিক থাকলে, পারিপার্শ্বিক আবহাওয়ার খুব বড় তারতম্য না হলে প্রতি ২৪ ঘণ্টায় এক হাজার ৫০০ সিসি প্রস্রাব কিডনি তৈরি করে থাকে।

আমাদের শরীর থেকে কিছু পানি ঘাম আকারে, কিছু পানি শ্বাস-প্রশ্বাসের সঙ্গে, কিছু পানি মলের সঙ্গে বের হয়ে যায়। যেহেতু আমাদের প্রস্রাবের থলির স্বাভাবিক ধারণক্ষমতা ৩০০ সিসি, তাই স্বাভাবিকভাবে একজন মানুষ ২৪ ঘণ্টায় পাঁচবার প্রস্রাব করে থাকে। সাধারণত দিনে চারবার আর রাতে একবার।

তবে নানাবিধ স্বাভাবিক বা অস্বাভাবিক কারণে বারবার প্রস্রাবের প্রবণতা দেখা দিতে পারে, আবার কমেও যেতে পারে। যদি আমরা অতিরিক্ত পানি বা তরলজাতীয় খাবার খাই, তবে প্রস্রাবের পরিমাণ বেশি হয়,

বারবার প্রস্রাব হয়। বারবার প্রস্রাব হয় ডায়াবেটিসের কারণে।

অন্যদিকে পুরুষের ক্ষেত্রে বয়োবৃদ্ধির সঙ্গে বয়সজনিত স্বাভাবিক পরিবর্তন হিসেবেই বৃদ্ধি ঘটে প্রোস্টেট গ্রন্থির। প্রোস্টেট গ্রন্থি প্রস্রাব প্রবাহে বাধার সৃষ্টি করে। ফলে প্রস্রাবের থলি সবসময় সম্পূর্ণ খালি হয় না। আর বৃদ্ধি পাওয়া প্রোস্টেট সৃষ্টি করে প্রস্রাবের থলির মুখে এক ধরনের অস্বস্তি। বয়োবৃদ্ধির কারণে নারী-পুরুষ নির্বিশেষে সবার প্রস্রাবের থলিরই ধারণক্ষমতা কমে যায়। বারবার প্রস্রাব করার প্রবণতা বেড়ে যায়।

বাচেনা খাতুনের পেটে কাঁচি রাখার ঘটনা তদন্তে আদালতের নির্দেশ

মেহেরপুরের গাংনীর রাজা ক্লিনিকে বাচেনা খাতুনের পিত্তথলির পাথর অপারেশনের দীর্ঘ ১৯ বছর পর পেটে কাঁচি থাকার ঘটনায় রাজা ক্লিনিকের মালিক পারভিয়াস হোসেন রাজা ও অপারেশন সংশ্লিষ্টদের বিরুদ্ধে সার্বিক তদন্ত করার নির্দেশনা দিয়েছে আদালত।

গত বৃহস্পতিবার মেহেরপুর আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট তরিকুল ইসলাম স্বপ্রনোদিত হয়ে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) অপু সারোয়ারকে ঘটনা তদন্ত করার নির্দেশ দেন। ঘটনা তদন্তে সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকীকে সার্বিক সহযোগিতা করার জন্য বলা হয়েছে।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) অপু সারোয়ার বলেন,আদালত কর্তৃক ঘটনা তদন্ত করার নির্দেশনা পাওয়ার পর বিষয়টি তদন্ত শুরু হয়েছে। তদন্ত শেষে দ্রত সময়ের মধ্যে আদালতে প্রতিবেদন জমা দেয়া হবে।

এদিকে মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ঘটনা তদন্তে গত ৫ জানুযারী গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

মো: আশরাফুজ্জামান লিটনকে প্রধান ও মেহেরপুর জেনারেল হাসপাতালের জুনিয়র কনসালটেন্ট সার্জারী মো: ফজলুর রহমান,মেহেরপুর সিভিল সার্জন কার্যালয়ের চিকিৎসক ফয়সাল হারুনকে সদস্য করে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটিকে তিন কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হলেও ১৫ দিনেও তদন্ত প্রতিবেদন জমা দিতে পারেনী।

তদন্ত প্রতিবেদনের বিষয়ে তদন্ত কমিটির প্রধান গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো: আশরাফুজ্জামান লিটনের ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন,স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে যে কমিটি গঠন করা হয়েছে। সে কমিটির সদস্যরা কিছুটা সময় চেয়েছে। দ্রত সময়ের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। এছাড়া আদালত থেকে ঘটনা তদন্তে সহযোগিতা করার জন্য একটি অনুলিপি দেয়া হয়েছে বলে তিনি স্বীকার করেন।

উল্লেখ্য: মেহেরপুরের গাংনীর রাজা ক্লিনিকের মালিক পারভিয়াস হোসেন রাজা,ডা: মিজানুর রহমান ও ডা: তাপস দীর্ঘ ১৯ বছর আগে পিত্তথলির অপারেশন করেন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার নওদা হাপানিয়া গ্রামের আব্দুল হামিদ এর স্ত্রী বাচেনা খাতুনের। অপারেশন করার পর সুস্থ্য হওয়া তো দুরের কথা দিন দিন বাচেঁনা খাতুনের পেটের যন্ত্রনা বাড়তেই থাকে পেটের ব্যথার অসহ্য যন্ত্রনায় বছরের পর বছর বিভিন্ন ডাক্তারের কাছে ছুটেছেন তিনি। চিকিৎসা করাতে গিয়ে শেষ সম্বল ১০ কাঠা জমি বিক্রি সহ খুইয়েছেন অর্থ সম্পদ সব কিছু তবুও ভালো হয়নি। যন্ত্রনা শেষ পর্যন্ত সইতে না পেরে গত ২রা জানুয়ারী রাজশাহী মেডিকেল কলেজের নিউরোমেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ রেজা নাসিমের কাছে চিকিৎসা নিতে গেলে তার পরামর্শে এক্স-রে করানো হয়। এক্স-রে রিপোর্টে পেটের মধ্যে ৪/৫ ইঞ্চি’র একটি কাঁচির সন্ধান মেলে। এরপর গত ১০ জানুয়ারী চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট সার্জারী মো: ওয়ালিউর রহমান নয়ন অপারেশনের মাধ্যমে বাচেনা খাতুনের পেট থেকে কাঁচি বের করে। বর্তমানে বাঁচেনা খাতুন চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি রয়েছে।

ইতোপূর্বে রাজা ক্লিনিকে ভুল চিকিৎসা রোগীর মৃত্যু’র ঘটনা সহ নানা অনিয়মের অভিযোগে ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালনা করে জরিমানা করলেও অনিয়ম বন্ধ হয়নি।